

যাকাত ও কল্যাণ তহবিলের আয়োজনে '৫ম বৃত্তি বিতরণ' অনুষ্ঠান



২৪ ফেব্রুয়ারি ২০২০-সোমবার যাকাত ও কল্যাণ তহবিল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে উপাচার্যের কনফারেন্স কক্ষে '৫ম বৃত্তি বিতরণ' অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান। তহবিলের সভাপতি অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আইনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন তহবিলের সাধারণ সম্পাদক সমাজকর্ম বিভাগের অধ্যাপক ড. মোস্তফা হাসান এবং শুভেচ্ছা বক্তব্য দেন অধ্যাপক ড. ফরিদা আক্তার খানম। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ড. লোকমান হোসেন।

উল্লেখ্য যাকাত ও কল্যাণ তহবিল, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বৃত্তি প্রদান করা হয়।